

## পীরগঞ্জ বিনা টিকেটে রেলভ্রমণে জরিমানা, টিকেটে মারধর

দিনাজপুর থেকে পঞ্চগড়ের উদ্দেশ্যে ছেড়ে আসা ৭০৫ আপ একতা ট্রেনে ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ স্টেশনে টিকেট যাচাইয়ের সময় বিনা টিকেটে এসি কেবিনে রেল ভ্রমণে দুই নারী যাত্রীকে জরিমানা করে রেল স্টেশনের টিটি রাসেল রানা। যাত্রীদের জরিমানা করার দায়ে এক যাত্রীর স্বামীর ভাড়াটে সন্ধানীদের হাতে মারধরের শিকার হয়ে রেল স্টেশন টিটি বর্তমানে দিনাজপুর আব্দুর রহিম মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

এদিকে এ ঘটনার পর হতে আজ বৃহস্পতিবার (১৪ মার্চ) সকাল থেকে স্টেশনটিতে রেলযাত্রাবিরতি প্রত্যাহার করা হয়েছে। এর ফলে সকাল থেকে পঞ্চগড় ও দিনাজপুর থেকে ছেড়ে আসা কোন ট্রেন থাকেনা স্টেশনটিতে। স্থানীয় যাত্রীরা পড়েছেন চরম ভোগান্তিতে। যারা অগ্রিম টিকেট কেটেছেন। একটি কন্ট্রোল রুম বসিয়ে তাদের টাকা ফেরত প্রদান করা হচ্ছে স্টেশনটিতে।

টিটি রাসেল রানা জানান, গতকাল বুধবার রাত সাড়ে ৮টার সময় একতা এক্সপ্রেসের এসি কেবিনে টিকেট ছাড়াই তন্নী আক্তার ও সোমা আক্তার নামে দুই নারীযাত্রী উঠে। আমি তাদেরকে রেলের নিয়মানুসারে টিকেট ছাড়া রেলভ্রমণের দায়ে ২শ টাকা জরিমানা করলে আমার উপর চড়াও হয় দুই নারী।

টিটি রাসেল আরও জানান, যাত্রী তন্নী আক্তার তার স্বামী রিচার্ড কে মুঠোফোনে আমি তার গায়ে হাত দিয়েছি, এমন উল্টাপাল্টা বুঝলে ৭০/৮০ জন লোকজন নিয়ে হাজির হয় রিচার্ড। আমাকে রেল থেকে মারধর করে টেনে হিচড়ে বের করে স্টেশনে মারপিট করে রিচার্ডসহ তার সাথে আসার লোকজন। এ সময় ট্রেনের যাত্রীরা এবং স্থানীয় পুলিশ প্রশাসন এসে আমাকে উদ্ধার করে পীরগঞ্জ হাসপাতালে ভর্তি করান। পরে অবস্থা আশংকাজনক হওয়ার কারণে আমাকে দিনাজপুর হাসপাতালে প্রেরণ করেছেন ডাক্তার।

পীরগঞ্জ থানার ওসি থানার ওসি বজলুর রশিদ বলেন, দিনাজপুর থেকে বিনা টিকেটে এসি কেবিনে রেলভ্রমণের সময় পীরগঞ্জ রেলস্টেশনে টিকেট যাচাইয়ের সময় ধরা পড়লে তাকে জরিমানা করা করে কর্তৃপক্ষ। পরে এ ঘটনাকে কেন্দ্র করে টিকেটে মারধর করে যাত্রীর লোকজন। এটি রেলের আলাদা পুলিশ প্রশাসন রয়েছে। তারাই বিষয়টি দেখবে।

পীরগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার এ ডাব্লিউ রায়হান শাহ বলেন, ঘটনার কথা শুনে আমি স্টেশনে গিয়েছিলাম। আহত টিকেটে চিকিৎসা প্রদানের জন্য দিনাজপুর পাঠানো হয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে বলা হয়েছে।

পীরগঞ্জ রেলস্টেশন অফিসার গোলাম রব্বানী জানান, মারপিটের ঘটনায় আমাগীকাল সকাল ৬টা পর্যন্ত স্টেশনে রেলযাত্রাবিরতি প্রত্যাহার করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত রেলযাত্রা বিরতি প্রত্যাহারের বিষয়ে বলা যাবে না।

এছাড়াও টিকেটে মারধরের দায়ে রিচার্ডসহ ৭০/৮০ জনকে আসামী করে একটি মামলার প্রস্তুতি চলছে বলে জানান তিনি।